বাউবি'র দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

সৌদি আরব, কাতার, কুয়েত,
সংযুক্ত আরব আমিরাত, ওমান
দক্ষিণ কোরিয়া ও ইতালিতে
২০২৭-২০২৮ শিক্ষাবর্ষে

এইচএসসি প্রোগ্রাম

বহিঃ বাংলাদেশ (নিশ-২)
উন্মুক্ত ও দূরশিক্ষণ

ভর্তি চলছে

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য
কিউআর কোডটি স্ক্যান করুন।

অনলাইনে আবেদন ও ফি জমাদানের তারিখ:
২২ সেপ্টেম্বর, ২০২৬ থেকে
৩০ নভেম্বর, ২০২৬ পর্যন্ত
ক্লাস শুরু: ২য় সপ্তাহ জানুয়ারি, ২০২৭

বিস্তারিত তথ্যের জন্য
https://bou.ac.bd

ভর্তির বিষয়ে প্রয়োজনে যোগাযোগ করুন

- ডিন, ওপেন স্কুল **e-mail: dean.os@bou.ac.bd**
- ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং: e-mail: iapw@bou.ac.bd
- সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাস

ভর্তির আবেদনপত্রে প্রদত্ত তথ্যাবলি ও সংযুক্ত কাগজপত্র ভুল প্রমাণিত হলে ভর্তি বাতিল হবে এবং ভর্তির টাকা অফেরতযোগ্য।

সভাপতি
ভর্তি কমিটি, নিশ-২, ওপেন স্কুল, বাউবি

বহিঃবাংলাদেশ প্রোগ্রাম : এইচএসসি (নিশ-২) ২০২৭-২০২৮ শিক্ষাবর্ষের (২০২৭ ব্যাচ) ভর্তি নির্দেশিকা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর ওপেন স্কুল পরিচালিত বহিঃবাংলাদেশ এইচএসসি (নিশ-২) প্রোগ্রামে ২০২৭-২০২৮ শিক্ষাবর্ষে (২০২৭ ব্যাচ) শিক্ষার্থী ভর্তির কার্যক্রম শুরু হয়েছে। সৌদি আরব, কাতার, কুয়েত, ওমান, ইতালি, দক্ষিণ কোরিয়া ও সংযুক্ত আরব আমিরাতে কর্মরত/বসবাসরত বৈধ বাংলাদেশি অভিবাসী কিংবা বাংলাদেশি বংশোদ্ভূত আগ্রহী ব্যক্তিদের সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে এইচএসসি প্রোগ্রামে ভর্তি করা হবে। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও নির্দেশনা নিম্নরূপ :

ভর্তির জন্য অনলাইনে আবেদন ও ফি জমাদান : ২২ সেপ্টেম্বর ২০২৬ থেকে ৩০ নভেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত

ক্লাস শুরু : ২য় সপ্তাহ, জানুয়ারি ২০২৭

প্রোগ্রামের নাম ও কোড : বহিঃবাংলাদেশ এইচএসসি (নিশ-২) প্রোগ্রাম। কোড নম্বর-১৮

শিক্ষা প্রণালী : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে দূরশিক্ষণ পদ্ধতিতে পরিচালিত হবে।

শিক্ষাবর্ষ : ২০২৭-২০২৮ (ব্যাচ: ২০২৭)।

ভর্তির শাখা : মানবিক এবং ব্যবসায় শিক্ষা।

রেজিস্ট্রেশনের মেয়াদ : এই প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ সর্বনিম্ন ২(দুই) বছর এবং সর্বোচ্চ ৫(পাঁচ) বছর। অর্থাৎ দুই বছরের আগে কোনো শিক্ষার্থী এটি সম্পন্ন করতে পারবেন না এবং পাঁচটি চূড়ান্ত পরীক্ষার পর কোনো শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

ভর্তির যোগ্যতা : আবেদনকারীকে অবশ্যই এসএসসি/দাখিল/ও-লেভেল বা সরকার স্বীকৃত সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং বাংলাদেশের নাগরিক হিসেবে সৌদি আরব/কাতার/কুয়েত/ওমান/ইতালি/দক্ষিণ কোরিয়া/সংযুক্ত আরব আমিরাতের বৈধ অভিবাসী কিংবা বাংলাদেশি বংশোদ্ভূত হতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্র : (i) প্রার্থীর সম্প্রতি তোলা ছবি (300×300 Pixel) এবং স্বাক্ষরের (300×100 Pixel) স্ক্যান কপি, (ii) এসএসসি বা সমমানের পরীক্ষার সনদপত্রের স্ক্যান কপি, (iii) জাতীয় পরিচয়পত্র/ স্মার্ট কার্ড/ অনলাইন জন্ম নিবন্ধন সার্টিফিকেটের স্ক্যান কপি, (iv) পাসপোর্টের স্ক্যান কপি এবং (v) বসবাসের অনুমতি কার্ডের স্ক্যান কপি।

ভর্তি ফি :

বর্ষ	ফি'র পরিমাণ (চতুর্থ বিষয় ব্যতীত)	ফি'র পরিমাণ (চতুর্থ বিষয়সহ)
১ম বর্ষ	১৮,৯১০.০০ (আঠারো হাজার নয়শত দশ) টাকা	২১,৯৬০.০০(একুশ হাজার নয়শত ষাট) টাকা
২য় বর্ষ	১৭,০৮০.০০ (সতের হাজার আশি) টাকা	২০,১৩০.০০(বিশ হাজার একশত ত্রিশ) টাকা

আবেদনের জন্য ফরম পূরণ : আবেদন ফরমে শিক্ষার্থীর নিজের নাম ও জন্ম তারিখ এবং পিতা-মাতার নাম অবশ্যই এসএসসি/সমমানের সনদ অনুযায়ী হুবহু লিখতে হবে। শিক্ষার্থীর সনদপত্রের সাথে পাসপোর্ট/এনআইডি'তে উল্লিখিত তথ্যের (নাম, জন্ম তারিখ) গড়মিল পরিলক্ষিত হলে এসএসসি সনদপত্রের তথ্যকেই সঠিক বলে বিবেচনা করা হবে।

জ্ঞাতব্য : (i) প্রতি কোর্সে ২০টি অনলাইন টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষা সংশ্লিষ্ট দেশের সাপ্তাহিক ছুটির দিনে অনুষ্ঠিত হবে । এজন্য শিক্ষার্থীর ইন্টারনেট সংযোগসহ প্রয়োজনীয় ডিভাইস থাকতে হবে। (ii) শিক্ষার্থীরা প্রধানত ই-বুক ব্যবহার করবেন। https://www.ebookbou.edu.bd/hsc.php ওয়েব সাইট থেকে ই-বুক ডাউনলোড করা যাবে। তবে ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং (আইএপিডব্লিউ)-এর সাথে যোগাযোগ সাপেক্ষে কোন শিক্ষার্থী ইচ্ছা করলে ব্যক্তিগত উদ্যোগে মুদ্রিত বই (বিনামূল্যে) সংগ্রহ করতে পারবেন। (iii) ভর্তিকৃত শিক্ষার্থী বাংলাদেশে প্রত্যাবর্তন করলে অথবা অন্য দেশে অভিবাসন গ্রহণ করলে বহিঃবাংলাদেশ এইচএসসি (নিশ-২) প্রোগ্রামে তার শিক্ষা কার্যক্রম অব্যাহত থাকবে। (iv) **ভর্তির আবেদনপত্রে প্রদত্ত তথ্যাবলি ও সংযুক্ত কাগজপত্র ভুল প্রমাণিত হলে ভর্তি বাতিল হবে এবং ভর্তির টাকা অফেরতযোগ্য।**

যোগাযোগ

বাংলাদেশ দূতাবাস
সৌদি আরব/কাতার/কুয়েত
ইতালি/ওমান/দক্ষিণ কোরিয়া
সংযুক্ত আরব আমিরাত

ডিন, ওপেন স্কুল, বাউবি
dean.os@bou.ac.bd

ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং, বাউবি
iapw@bou.ac.bd

আবেদন, ভর্তি ও কোর্স এনরোলমেন্ট

অনলাইনে আবেদন ও ভর্তি ফি জমাদানের প্রক্রিয়া :

- যে কোন ব্রাউজারের Address bar-এ https://osapsnew.bou.ac.bd টাইপ করে ব্রাউজ করুন। Offered Programs সেকশনের Admission অপশনের Open School-এর অধীনে HSC (Niche-2) প্রোগ্রামের পাশে Apply Now বাটনে ক্লিক করুন। অতঃপর General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করুন।
- Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ফটো (300×300 pixel, JPG Format), স্বাক্ষর(300×100 pixel, JPG Format), NID/Birth Certificate, Resident id ও পাসপোর্টের পিডিএফ (Maximum 300 KB) আপলোড করে Next বাটনে ক্লিক করুন।
- Academic Information ধাপে শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করুন এবং সকল শিক্ষাগত যোগ্যতার সনদের পিডিএফ (Maximum 300 KB) আপলোড করুন। Professional Information ধাপে অভিজ্ঞতার তথ্য সঠিকভাবে পূরণ করে Finish বাটনে ক্লিক করুন। সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার ইমেইলে Temporary User ID ও পাসওয়ার্ড প্রেরণ করা হবে।
- Course Enrollment প্রক্রিয়া সম্পন্ন করার জন্য যথাযথভাবে সঠিক কোর্সসমূহ নির্বাচন করে Procced to Payment বাটনে ক্লিক করুন এবং প্রদর্শিত Online Payment Gateway System সমূহ থেকে সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)-এর মাধ্যমে ফি জমা দিন। সফলভাবে ফি জমাদান শেষে 'Payment has been completed successfully' মেসেজ প্রদর্শিত হবে এবং ইমেইলের মাধ্যমে শিক্ষার্থীকে অবহিত করা হবে।
- সঠিকভাবে Course Enrollment এর কাজ সম্পন্ন করার পর নিজ নিজ User ID ও Password এর মাধ্যমে OSAPS-এ লগইন করে Print Profile বাটনে ক্লিক করে প্রদর্শিত আবেদনপত্রটি প্রিন্ট করুন এবং Payment History থেকে Action মেনুর Print অপশনে ক্লিক করে Payment Slip টি প্রিন্ট করুন।
- সকল কাগজপত্রাদির এক সেট ফটোকপি, User ID ও পাসওয়ার্ড এবং পেমেন্ট সম্পর্কিত সকল তথ্য (যেমন: Account number/Bkash number, Transaction ID, Transaction Date, Amount ইত্যাদি) পরবর্তী প্রয়োজনার্থে নিজের কাছে সংরক্ষণ করুন।
- অনলাইন আবেদন এবং ভর্তি সংক্রান্ত যেকোন সমস্যার জন্য পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে OSAPS Helpline (০১৬১৮-৯৭৭২৩৭ ও ০১৯০৭-৪৫১৬১২ অফিস চলাকালীন সময়) অথবা ই-মেইল: help.osaps@bou.ac.bd এ যোগাযোগ করুন।

ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে কিউআর কোডটি স্ক্যান করুন